

২০২১

বাংলা - সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-11

(সাহিত্যের রূপ ও রীতি)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) উদ্ভবের পটভূমির পরিচয়দানসহ কবিগানের পর্যায়-বিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪+৬  
অথবা,  
(খ) একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে যে-কোনো একটি বাংলা একাঙ্ক নাটকে বৈশিষ্ট্যগুলির প্রয়োগ দেখাও। ৭+৩
- ২। (ক) উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে রাজনৈতিক উপন্যাসের বিবিধ লক্ষণগুলির পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) সাহিত্য-সংরূপ হিসাবে রূপকথার স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ১০
- ৩। (ক) একটি গবেষণামূলক প্রবন্ধের আবশ্যিক গুণগুলি উল্লেখ করো। ১০  
অথবা,  
(খ) বাংলা ভাষায় লেখা একটি ভ্রমণ সাহিত্যকে অবলম্বন করে এই সাহিত্য-সংরূপ সম্পর্কে তোমার ধারণা পরিস্ফুট করো। ১০
- ৪। (ক) গ্রিক ও শেক্সপিয়রীয় ট্রাজেডির মূলগত পার্থক্যটি বুঝিয়ে দাও। ৫  
অথবা,  
(খ) পোত্রাকীর্তি সনেটের গঠনশৈলী সংক্ষেপে উল্লেখ করো। ৫
- ৫। (ক) ঐতিহাসিক উপন্যাসে ঔপন্যাসিকের স্বাধীনতা কতটুকু তা বুঝিয়ে দাও। ৫  
অথবা,  
(খ) ছোটগল্প ও অণুগল্পের যে-কোনো দুটি পার্থক্য উল্লেখ করো। ৫

Please Turn Over

৬। (ক) একটি রম্যরচনার রমণীয়তা কোথায় বলে তুমি মনে করো ?

৫

অথবা,

(খ) সমালোচনা-সাহিত্যের দুটি বিশিষ্ট লক্ষণ উল্লেখ করো।

৫

৭। সংক্ষেপে আলোচনা করো (যে-কোনো একটি)।

৫×১

(ক) বাংলা পৌরাণিক নাটকের বিশিষ্টতা

(খ) রোমান্সধর্মী উপন্যাস

(গ) আত্মজীবনীর লিখনশৈলী।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) বাংলা ভাষায় লেখা একটি কাব্যনাটকের নাম লেখো।

(খ) 'টোঁড়াই চরিত মানস' কী জাতীয় উপন্যাস ?

(গ) ইংরেজি 'লিরিক' শব্দটির উৎপত্তি ঘটেছে কোন শব্দ থেকে ?

(ঘ) বাংলা ভাষায় দুটি অতিপ্রাকৃত রসের ছোটগল্পের নাম লেখো।

(ঙ) ট্রাজেডির দুটি উপাদানের নাম লেখো।

(চ) 'অণুগল্প'-এর 'অণু' শব্দটির অর্থ কী ?

(ছ) একটি বস্তুনিষ্ঠ ও একটি ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

(জ) একটি দেশি ও একটি বিদেশি ডায়েরি সাহিত্যের নাম উল্লেখ করো।

(ঝ) উপন্যাস ও ছোটগল্পের যে-কোনো একটি পার্থক্য লেখো।

(ঞ) পাঁচটি চরণে সম্পূর্ণ কাব্য-সংরূপটির নাম কী ?

(ট) উনিশ শতকে রচিত দুটি সামাজিক নাটকের নাম লেখো।

(ঠ) একটি দেশি ও একটি বিদেশি চেতনাপ্রবাহরীতির উপন্যাসের নাম লেখো।

(ড) 'অ্যাবসার্ড' নাটকের উৎপত্তি কোন দেশে ?

(ঢ) প্রাচীন গ্রিসের দুজন ট্রাজেডি রচয়িতার নাম উল্লেখ করো।

(ণ) 'ক্যাথারসিস' শব্দটির একটি গ্রহণযোগ্য বাংলা প্রতিশব্দ লেখো।